

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৫২.১৩৬৩০

তারিখ: ২৪ অক্টোবর, ২০২৪

বিষয় : ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইরেসপো কর্মসূচি ও ২য় পর্যায় প্রকল্পভুক্ত কাউখালী, পিরোজপুর উপজেলায় জনাব নবীরুজ্জামান, মাঠ সংগঠক তার দায়িত্বাধীন ১১টি সমিতি হতে ঋণ ও সঞ্চয় বাবদ মোট ২,৬৬,৬৫০.০০ (দুই লক্ষ ছিষটি হাজার ছয়শত পঞ্চাশ) টাকা সুফলভোগী হতে আদায় করে যথা নিয়মে ব্যাংকে জমা না করে আত্মসাত করেছেন। আপনি উক্ত উপজেলায় দায়িত্বরত থাকা অবস্থায় মাঠ সংগঠক কর্তৃক বর্ণিত আত্মসাতের ঘটনা সংগঠিত হয়েছে। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা হিসেবে উপজেলায় প্রকল্প/কর্মসূচি'র সার্বিক কার্যক্রম তদারকিসহ বাস্তবায়নের দায়িত্ব আপনার উপর ন্যাস্ত থাকা সত্ত্বেও আপনি সরকারী দায়িত্ব পালনে উদাসীন ও গাফিলতি করায় বর্ণিত আত্মসাতের ঘটনা সংগঠিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়। উল্লেখ্য, ইতোপূর্বে বিভিন্ন উপজেলায় কর্মকালীন অদক্ষতা, অযোগ্যতা ও দায়িত্ব পালনে অনীহা, উদাসীনতা ও দুর্বল তদারকির কারণে লক্ষ্যমাত্র অনুযায়ী প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন না হওয়ায় আপনাকে কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে অব্যাহতি প্রদান করা হয় এবং ভবিষ্যতে এ ধরনের কার্যক্রম সংগঠিত না করার অঙ্গীকার করার প্রেক্ষিতে পরবর্তীতে তিরস্কার প্রদানপূর্বক কর্মসূচি'তে পুনর্বহাল করা হয়।

এমতাবস্থায়, সরকারী দায়িত্ব পালনে পুনরায় অনীহা, উদাসীনতা ও দুর্বল তদারকির কারণে কাউখালী, পিরোজপুর উপজেলায় আত্মসাতের ঘটনা সংগঠিত হওয়ায় আপনাকে দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, গাফিলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ (সংশোধিত) অনুযায়ী কেন আপনার বিরুদ্ধে চূড়ান্ত প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে না তার জবাব আগামী ২২/১০/২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক  
ফোন : ০২৪১০১০৩৪১

জনাব নুসরাত নওশীন সুবর্ণা  
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো,  
বিআরডিবি, দুমকী, পটুয়াখালী।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: পটুয়াখালী/পিরোজপুর।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, দুমকী/কাউখালী, পটুয়াখালী/ পিরোজপুর।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।